

তারিখ: ০১.০৩.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/

তারা বাংলা/বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায় প্রেমের প্রস্তাব প্রত্যাখ্যান করায় বখাটে কর্তৃক নবম শ্রেণীর ছাত্রীকে কুপিয়ে জখম করার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থাগ্রহণসহ নির্যাতনের ছাত্রীর সুচিকিৎসা ও নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ০১.০৩.২০১৭ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে, কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার কালারমারছড়ায় প্রেমের প্রস্তাব প্রত্যাখ্যান করায় বখাটে কর্তৃক নবম শ্রেণীর ছাত্রীকে কুপিয়ে জখম করার ঘটনা ঘটেছে। জানা যায়, নির্যাতনের শিকার ছাত্রী উল্লিখিত এলাকার আদর্শ দাখিল মাদ্রাসার নবম শ্রেণীতে পড়ে। উক্ত ছাত্রীকে হরিয়ানছড়ার লোকমান হাকিমের বখাটে ছেলে জাহিদুল ইসলাম দীর্ঘদিন ধরে প্রেমের প্রস্তাব দিয়ে উন্মত্ত করে আসছিল। নির্যাতনের শিকার ছাত্রী তা প্রত্যাখ্যান করলে বখাটে ক্ষিপ্ত হয়ে গত ২৫.০২.২০১৭ তারিখ নির্যাতনের শিকার ছাত্রীকে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতারি কুপিয়ে জখম করে। পরবর্তীতে গুরুতর আহত অবস্থায় নির্যাতনের শিকার ছাত্রীকে কক্সবাজার সদর হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করা হয়।

বাংলাদেশ মহিলা পরিষদ ক প্রেমের প্রস্তাব প্রত্যাখ্যান করায় বখাটে কর্তৃক নবম শ্রেণীর ছাত্রীকে কুপিয়ে জখম করার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছে। নির্যাতনের শিকার ছাত্রীর সুচিকিৎসা ও নিরাপত্তা নিশ্চিতকরণের অনুরোধ জানাচ্ছে। সেই সাথে যৌননিপীড়ন ও উন্মত্তকরণের ঘটনা প্রতিরোধে মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের আলোকে পৃথক আইন প্রণয়নসহ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ প্রশাসনের নিকট জোর দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ